

বোয়িং ৭৮৭ উড়োজাহাজ না ওড়ানোর পরামর্শ দিলেন বোয়িং প্রকৌশলী

- A Monitor Desk Report

Date: 21 April, 2024



ভার্জিনিয়া: অত্যাধুনিক প্রযুক্তি সম্বলিত উড়োজাহাজ বোয়িং ৭৮৭ ড্রিমলাইনার ত্রুটিপূর্ণ বলে দাবি করেছেন বিশ্বের সবচেয়ে বড় উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠানটির এক প্রকৌশলী। তিনি বিশ্বে চালু থাকা বোয়িংয়ের ৭৮৭ মডেলের উড়োজাহাজ না ওড়ানোর পরামর্শ দিয়েছেন।

বোয়িংয়ের প্রকৌশলী স্যাম সালেহপৌর গত সপ্তাহে মিডিয়াকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি সমস্ত ড্রিমলাইনারকে পরিষেবা থেকে সরিয়ে নেওয়ার জন্য এবং উড়োজাহাজের ফিউজলেজের ছোট ফাকাগুলোর জন্য পরীক্ষা করার আহ্বান জানান।

এই বোয়িং প্রকৌশলী অভিযোগ করেছেন, বোয়িং-৭৭৭ এবং বোয়িং-৭৮৭ ড্রিমলাইনার উড়োজাহাজ নির্মাণের সময় দূততার আশ্রয় নেয়া হয়েছিল। এবং এই সব উড়োজাহাজের বয়স বাড়ার সঙ্গে সঙ্গে এদের ঝুঁকি বিপর্যয়কর মাত্রায় পৌঁছে গেছে।

স্যাম সালেহপৌর বলেন, আমি কখনো উড়োজাহাজের এমন গুরুতর অবস্থা দেখিনি। আমি কখনওই আমার পরিবারের সদস্যদের বোয়িং-৭৮৭ এ উঠতে দেব না।

তিনি চলতি বছরের জানুয়ারিতে যুক্তরাষ্ট্রের বেসামরিক বিমান সংস্থা ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশনের (এফএএ) কাছে আনুষ্ঠানিকভাবে অভিযোগপত্র দায়ের করেন। এর পরই ফেডারেল এভিয়েশন তদন্ত কাজ শুরু করে। স্থানীয় সময় মঙ্গলবার (৯ এপ্রিল) তা প্রকাশ করা হয়। এর আগে ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন নতুন ৭৩৭ ম্যাক্স জেটের সবধরনের উড্ডয়ন দুবার বাতিল করেছিল।

২০১৯ সালের ১৫ সেপ্টেম্বর বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বহরে যুক্ত হয় বিশ্বের সর্বাধুনিক প্রযুক্তি সম্বলিত সম্পূর্ণ নতুন চতুর্থ ও শেষ বোয়িং ৭৮৭ ড্রিমলাইনার উড়োজাহাজ। ১৫ সেপ্টেম্বর বিকেলে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে চতুর্থ ড্রিমলাইনার অবতরণ করে। এ উড়োজাহাজ যুক্ত হওয়ার মধ্য দিয়ে বিমান বহরে উড়োজাহাজের সংখ্যা হয় ১৬টি। দেশে পৌঁছার পর ড্রিমলাইনারকে ওয়াটার ক্যানন স্যালুটের মাধ্যমে স্বাগত জানানো হয়। চতুর্থ ড্রিমলাইনার 'রাজহংস' বিরতিহীনভাবে ১৫ ঘণ্টা উড়ে সিয়াটল হতে সরাসরি ঢাকায় এসে অবতরণ করে।

